

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর
ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

প্রেস বিজ্ঞপ্তি

নং-বাসককস/মামলা-৭ (গোপনীয়)/২০১৬-৩৮৮


তারিখ : ২৮.১২.২০১৬ খ্রিঃ

মহামান্য আদালতের রায়ের প্রেক্ষিতে ২৪তম বিসিএস পরীক্ষা-২০০২ এর লিখিত পরীক্ষায় বিসিএস-এর সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডারে উত্তীর্ণ নিম্নে বর্ণিত রেজিস্ট্রেশন নম্বরধারী প্রার্থী জনাব মোঃ আশরাফুল ইসলাম-এর মৌখিক পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন-এর প্রধান কার্যালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকায় অনুষ্ঠিত হবে :

তারিখ : ০২.০১.২০১৭, সোমবার	ক্যাডারের নাম : সাধারণ ও কারিগরি/পেশাগত
সময় : সকাল ১০:৩০	রেজিস্ট্রেশন নং-৪৭৯১৯ = ০১ জন।

২. মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখ ও সময়ে সাক্ষাৎকারপত্রে উল্লিখিত কাগজপত্র এবং সাক্ষাৎকারপত্রসহ প্রার্থী সরকারী কর্ম কমিশনের আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকাস্থ প্রধান কার্যালয়ে মৌখিক পরীক্ষার বোর্ডে উপস্থিত হবেন।
৩. বিশেষভাবে উল্লেখ্য, প্রার্থী কর্তৃক ইতোপূর্বে বিসিএসসি ফরম-২ এর সাথে দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত কপি, তৎসঙ্গে মুক্তিযোদ্ধা সনদধারী অর্থাৎ প্রার্থীর পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/মাতামহীর জন্ম তারিখ সংবলিত এসএসসি/সমমানের সনদ, এসএসসি পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের সার্টিফিকেট/জন্ম তারিখ সংবলিত প্রামাণিক দলিল, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপিসহ উল্লিখিত কাগজপত্রের ২টি সেট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে। যাচিত কাগজপত্রের ২টি সেট-এর সাথে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের উপর প্রার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, মুক্তিযোদ্ধা সনদধারীর অর্থাৎ পিতা/মাতা/পিতামহী/মাতামহীর জন্ম তারিখ এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে প্রার্থীকে নিজ হাতে লিখে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে।
৪. BPS Form-1 এবং বিপিএসসি ফরম-২-এ প্রদত্ত তথ্য এক এবং অভিন্ন হতে হবে। তথ্যের মধ্যে গরমিল হলে বিজ্ঞাপনের শর্তানুযায়ী প্রার্থী কর্তৃক BPS Form-1 এ প্রদত্ত তথ্য চূড়ান্ত হিসেবে গণ্য হবে। BPS Form-1 এর তথ্যের ভিত্তিতে প্রার্থীর যাবতীয় কার্যক্রম সম্পাদিত হবে।
৫. বিসিএসসি ফরম-২ এর কপি জমা : সাক্ষাৎকারপত্রের অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত পুলিশ ভেরিফিকেশন ফরম যথাযথভাবে পূরণ ও স্বাক্ষরসহ বিসিএসসি ফরম-২ এর একটি অতিরিক্ত সেট মৌখিক পরীক্ষার বোর্ডে অবশ্যই জমা দিতে হবে।
৬. সাক্ষাৎকারপত্রের ৩(ছ) নং অনুচ্ছেদ অনুযায়ী প্রার্থী চাকরিরত হলে সংশ্লিষ্ট পদের জন্য যথাযথ নিয়োগকারী কর্তৃপক্ষের স্বাক্ষর সিলযুক্ত ছাড়পত্র, প্রথম শ্রেণির ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নিয়োগকারী কর্তৃপক্ষের স্বাক্ষরযুক্ত সিল সংবলিত ছাড়পত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে গৃহীত ইস্তফাপত্র/অপসারণ আদেশের সত্যায়িত কপি জমা দিতে হবে।
৭. মৌখিক পরীক্ষার তারিখ কোনোক্রমেই পরিবর্তন করা হবে না।
৮. প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।

[পড়াশুনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালোভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন;
চাকরির ক্ষেত্রে কোনোক্রমে তদ্বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]


(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)